গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়

# ৬নং ভজনপুর ইউনিয়ন পরিষদ

উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড়।

স্মারক নং ঃ

তারিখ ঃ ১৯/০৭/২০২২ ইং।

## মাসিক সভার কার্যবিবরনী ঃ

স্থান: ইউ'পি হল রুম,
সময়: সকাল ১০ ঘটিকা,
তারিখ ঃ ১৯/০৭/২০২২ ইং।

উপস্থিত সদস্য ও সদস্যাগনের নাম:

| ক্রমিক নং | উপস্থিত সদস্য গনের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ মসলিম উদ্দীন | ইউপি চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ২ | মোছাঃ হালিমা খাতুন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ মুক্তা বেগম | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ লিপি আকতার | ইউ'পি সদস্যা | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ আবির আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | মোঃ ইউছুব আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | মোঃ সামসুল হক সরকার | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ কাজিম উদ্দীন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ মোকবুল হোসেন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ তবিবর রহমান | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | মোঃ রিয়াজ উর রহমান | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ জাহের আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | মোঃ জমির উদ্দীন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১৪ | মোছা. রাশেদা খাতুন | হিসাব সহকারী ও কম্পিউটার অপারেটর | স্বাক্ষরিত |
| ১৫ | আশুতোষ সরকার | সদস্য সচিব | স্বাক্ষরিত |

### আলোচ্য বিষয় :

১। গত সভার বিষয়বস্তু পাঠ ও অনুমোদন করণ।

২। বাৎসরিক হিসাব বিবরনী উথ্যাপন ও অনুমোদন।

৩। ওয়ার্ড সভা বিষয়ক আলোচনা

৪। আইন শৃংখলা বিষয়ক আলোচনা

৫। বিবিধ।

সালিম উদ্দীন চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে সভার কার্য আরম্ভ করা হইল। সভা
স্থিত সকল সদস্যকে স্বাগত জানান।

আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে গত সভার আলোচ্য সূচীসমুহ করিয়া শুনান, সভাপতি কতৃক পাঠকৃত আলোচ্য সূচীর সীদ্ধান্ত সমুহ সম্পর্কে কাহোরো আপত্তি না থাকায় অদ্যকার সভায় তাহা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হইল।

২ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সদস্যগনের দৃষ্টি আর্কসন পূর্বক ইউপি সচিব সাহেবকে ২০২১-২০২২ অর্থ বছরের আয় ও ব্যয় সমুহ সভায় উথ্যাপন করিতে বলিলে সচিব সাহেব সভাপতি মহোদয়ের অনুমোতিক্রমে ২০২১-২০২২ অর্থ বছরের আয় ও ব্যয় সমুহের খাত ওয়ারী বিবরনী উথ্যাপন করেন। উথ্যাপিত আয়ও ব্যয় বিবরনী পরীক্ষান্তে দেখা যায় যে, বিবিন্ন খাতে সর্বমোট আয় করা হয়েছে = ২৩,০৩,০১১.৫০ /- ( তেইশ লক্ষ তিন হাজার এগারো টাকা পঞ্চাশ পযসা) টাকা এবং বিভিন্ন ভাউচার মুলে সর্বমোট ব্যয় করা হয়েছে- ১৮,৭৭,২৪৭.৫০( আঠারো লক্ষ সাতাত্তর হাজার দুইশত সাতছল্লিশ টাকা পঞ্চাশ পযসা) টাকা অবশিষ্ট ৪,২৫,৭৬৪/-( চার লক্ষ পচিশ হাজার সাতশত চৌষট্রি) টাকার মধ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ভজনপুর শাখার ১০৩৭৬৬ ব্যাংক হিসাবে জমা = ৩৫৮৩৫২ টাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ভজনপুর শাখার ২০১৪২ ব্যাংক হিসাবে জমা = ৬৭৪১২.৫০ টাকা জমা রয়েছে। ব্যাংক জমার সকল জমা বহি, ব্যাংক হিসাব বিবরনী, সহ ক্যাশবহি, ক্যাশবহি পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল মর্মে অদ্যকার সভায় ২০২১-২০২২ অর্থ সনের আয় ও ব্যয় বিবরনী সর্ব সম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

৩ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সকল সদস্য গনের দৃষ্টি আবর্ষন পূর্বক বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের এলজিএসপি, টি,আর, কাবিখা, কাবিটা, এডিপি, ৪০ দিনের কর্মসূচী ইত্যাদি প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য ওয়াড সভা করা আবশ্যক। সভাপতি মহোদয়ের উক্ত প্রস্তাবের আলোকে ব্যপক উক্ত প্রস্তাবের আলোকে ব্যপক আলোচনান্তে নিম্ন লিখিত সিডিউল মোতাবেক ওয়াড সভা করার সিদ্ধান্ত সর্ব সম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

৪ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সকল সদস্য গনের দৃষ্টি আকর্ষন পূর্বক অত্র ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে সভাষদ গনকে আলোচনার জন্য আহব্বান জানান। সভাপতি মহোদয়ের উক্ত প্রস্তাবের আলোকে সভাষদগন একে একে তাদের নিজ নিজ এলাকার আইনশৃংখলা পরিস্থিতি স্বাবাভিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। অতপর সভায় বাল্য বিবাহ, ইভ টিচিং, সন্ত্রাশ ও নাসকতা বিষয়ে ব্যপকভাবে আলোচনা করা হয় আলোচনান্তে আইন শৃংখলা পরিস্থিতি সহ সার্বিক বিষয়ে স্বজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত সর্ব সম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

অতপর সভায় আর কোন আলোচন না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন ।

মোঃ মসলিম উদ্দীন
চেয়ারম্যান
ভজনপুর ইউনিয়ন পরিষদ
তেঁতুলিয়া, পঞ্চগড়